গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-২
www.hsd.gov.bd

নং- ৪৫.০০.০০০০.১৬১.০০৬.০১.১০ (অংশ-১)-১২৬ তারিখঃ ২৭.০৩.২০১৮ খ্রিঃ

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশিত জাতীয় পুষ্টি সপ্তাহে (২৩-২৯ এপ্রিল ২০১৮) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পুষ্টি বিষয়ে সচেতনতা কর্মসূচি পালন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গত ১৩-০৮-২০১৭ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদের সভায় আগামী ২৩-২৯ এপ্রিল, ২০১৮ খ্রিঃ সারাদেশে পুষ্টি সপ্তাহ উদ্‌যাপনের সিদ্ধান্ত হয় (সংলগ্নী-১)। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে পুষ্টি সপ্তাহ পালনের কর্মসূচি, প্রস্তুতি ও অর্থায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত গত ২৭ ফেব্রুয়ারী ২০১৮ খ্রিঃ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয় (সংলগ্নী-২-সভার কার্যবিবরণী)।

২। উল্লেখ্য যে, আন্তঃমন্ত্রণালয় সভায় অনুমোদিত কর্মসূচিতে পুষ্টি সপ্তাহ চলাকালীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পুষ্টি বিষয়ে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যান্য কর্মসূচির মধ্যে এ সময়ে পুষ্টি বিষয়ে ক্লাস অনুষ্ঠিত হলে ছাত্র-ছাত্রীরা উপকৃত হতে পারে।

৩। এমতাবস্থায়, জাতীয় পুষ্টি সপ্তাহে (২৩-২৯ এপ্রিল ২০১৮) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পুষ্টি বিষয়ে ক্লাস অনুষ্ঠানসহ ছাত্র-ছাত্রীদের সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে বিভিন্ন কর্মসূচি পালনের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা গেল।

(সুভাষ চন্দ্র সরকার)
অতিরিক্ত সচিব
ফোনঃ ৮৮০-২- ৯৫১৫৫৩১
ph2@hsd.gov.bd

১। সচিব
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

২। সচিব
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতির জন্যঃ
১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

